**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 28.03.2025** **Desk in Charge : SDG**

**Time : 7-50PM** **Compiling & NR :- DSS**

**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে আজ এক সর্বদলীয় বৈঠকে ভোটার তালিকা স্বচ্ছ ও ত্রুটিমুক্ত করতে সক্রিয় ভূমিকা গ্রহণের জন্য শাসক-বিরোধী সব দলই একযোগে দাবি তুলেছে।

২/ RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালে তরুণী PGT চিকিৎসককে গণধর্ষণ নয়, ধর্ষণ করা হয়েছিল বলে CBI জানিয়েছে।

৩/ বর্ধমানের একটি আদালত, পঞ্চায়েত সদস্যের বাবাকে খুনের চেষ্টার অভিযোগে বর্ধমান উন্নয়ন পর্ষদের চেয়ারপার্সন কাকলি তা' গুপ্ত সহ ১৩ জনের সাজা ঘোষণা করেছে।

৪/ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য ভাস্কর গুপ্তকে তাঁর দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

৫/ কেন্দ্রীয় সরকারি কর্মচারী ও পেনশনভোগীদের জন্য সরকার আরো দু'-শতাংশ মহার্ঘ্যভাতা দেওয়ার কথা ঘোষণা করেছে।

৬/ বিশিষ্ট সাংবাদিক গৌতম ভট্টাচার্য এবং সাহিত্যিক উল্লাস মল্লিক, এবছরের শৈলজানন্দের নামাঙ্কিত স্মৃতি পুরস্কার পেয়েছেন।

*************************************************************************

ভোটার তালিকা স্বচ্ছ ও ত্রুটিমুক্ত করতে সক্রিয় ভূমিকা গ্রহণের জন্য শাসক-বিরোধী সব দলই একযোগে দাবি তুলেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে আজ এই বিষয়ে এক সর্বদলীয় বৈঠকে, তৃণমূল কংগ্রেস, এবং বিজেপি ও কংগ্রেসের মত বিরোধী দলগুলি ভোটার তালিকা থেকে ভুয়ো, মৃত, স্থানান্তরিত ভোটারদের নাম বাদ দেওয়ার দাবি জানায়।

রাজ্য সভাপতি সুব্রত বক্সীর নেতৃত্বে শাসক দল তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল সর্বদল বৈঠকে যোগ দেয়। পরে প্রতিনিধি দলের সদস্য রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস বলেন, বহিরাগত, ভুতুড়ে ভোটারদের নাম নথিভুক্ত করে বিহার, মহারাষ্ট্রে ভোটে জিতেছে বিজেপি। এখানেও একই মডেল কার্যকর করার চেষ্টা করা হচ্ছে। এইজন্য কমিশনকে সক্রিয় ভূমিকা গ্রহণের'ও দাবী জানান তারা।

( Byte- অরূপ )

বৈঠকে যোগ দেওয়া বিজেপি প্রতিনিধি দলের দুই সদস্য পার্থ সারথি চ্যাটার্জি ও প্রবাল রাহা পাল্টা তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে ভোটার তালিকায় ভুয়ো নাম অন্তর্ভুক্ত করার অভিযোগ তোলেন। তাঁরা বলেন, এর আগে বিরোধী দলনেতার নেতৃত্বে ১০ লক্ষের বেশি ভুয়ো ভোটারের তালিকা কমিশনের কাছে জমা দেওয়া হয়েছে। এ ব্যাপারে কমিশন কি করেছে, আজ তা' জানতে চাওয়া হয়েছে।

( Byte-প্রবাল রাহা )

কংগ্রেসের প্রতিনিধি দলের নেতা আশুতোষ চ্যাটার্জি মৃত ভোটারদের নাম অবিলম্বে তালিকা থেকে বাদ দেওয়ার দাবি জানিয়েছেন।

( Byte- আশুতোষ )

*************************

রাজ্যে ভোটারদের সুরক্ষায় বিজেপি আগামী মাসে বিশেষ কর্মসূচি নিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন,তৃণমূল কংগ্রেস অবৈধভাবে ভোটার তালিকা থেকে হিন্দু ভোটারদের নাম বাতিল করতে চাইছে।ভোটার তালিকা তৈরীর কাজ নির্বাচন কমিশনের অধীনে হলেও বিভিন্ন জেলায়

বিডিও,এসডিও এবং জেলাশাসক ও এয়ারোরা রাজ্য সরকারের নির্দেশে ভোটার তালিকা তৈরীর কাজ করছে। এই কাজ এক্তিয়ার বহির্ভূত।

তিনি অভিযোগ করেন, ইতিমধ্যেই কৃষ্ণনগর ২নম্বর ব্লকের বিডিওর কাছে ৯৮জন হিন্দু ভোটারের নাম বাদ দেওয়ার আবেদন জানানো হয়েছে। পাশাপাশি বাগদায় মতুয়া ও নমঃশূদ্র সম্প্রদায়ের ভোটারদের নাগরিকত্ব প্রমাণের জন্য বিডিও নির্দেশ দিয়েছেন।

হিন্দু ভোটারদের সুরক্ষায় আগামী মাসের ২তারিখ বিজেপির যুব মোর্চা একটি মিছিল করবে বলে বিরোধী দলনেতা জানান। এই মিছিলের স্লোগান হবে তৃণমূল কংগ্রেসের থেকে হিন্দু ভোটারদের রক্ষা করা। মিছিল শেষে সভা হবে এবং তার নেতৃত্বে যুব মোর্চারের প্রতিনিধি দল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে এবিষয়ে ডেপুটেশন দেবে বলে শ্রী অধিকারী জানিয়েছেন। তিনি হিন্দু ভোট দাতাদের এই মিছিলে অংশ নেওয়ার আবেদন জানিয়েছেন।

*************************

বাম যুব সংগঠন DYFI এর উত্তর কন্যা অভিযানকে ঘিরে আজ রণক্ষেত্রের চেহারা নেয় শিলিগুড়ি। ডি ওয়াই এফ আই এর অভিযানে পুলিশি বাধায় উত্তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি।

এদিকে DYFI-এর আজকের এই অভিযানকে কটাক্ষ করেছেন রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম। তিনি বলেন, সিপিএম DYFI চেষ্টা চালাচ্ছে যদি কোন ভাবে রাজ্যে বিরোধী দলের মর্যাদা পায়।

*************************

হাওড়ার বেলগাছিয়া কাণ্ডের প্রতিবাদে বামেদের হাওড়া পুরনিগম অভিযানকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। পুরনিগমের সামনে ব্যারিকেড দেওয়া হয় পুলিশের পক্ষ থেকে| সেখানে বিক্ষোভ দেখান বাম কর্মী সমর্থকরা| বেলগাছিয়া ভাগাড়ের ক্ষতিগ্রস্তদের স্থায়ী পুনর্বাসন ও দ্রুত ক্ষতিপূরন দেওয়া, সুষ্ঠু জলনিকাশি, জঞ্জাল অপসারণ ও

পরিস্রুত পানীয় জলের ব্যবস্থা করা সহ বিভিন্ন দাবিতে এই অভিযানে শামিল হন বাম কর্মী সমর্থকরা|

**************************

RG KAR মেডিক্যাল কলেজ হাসপাতালে তরুণী PGT চিকিৎসককে গণধর্ষণ নয়, ধর্ষণ করা হয়েছিল বলে, কেন্দ্রীয় তদন্ত ব্যুরো CBI জানিয়েছে। আজ তারা কলকাতা হাইকোর্টে এই মামলার স্টেটাস রিপোর্ট জমা দেয়। মুখবন্ধ খামে এই রিপোর্ট জমা দেন CBI-এর আইনজীবি রাজদীপ মজুমদার। তদন্তকারী সংস্থার পক্ষে জানানো হয়, অকুস্থলে যে নমুনা পাওয়া গিয়েছিল, পরীক্ষার পর একজন পুরুষের সঙ্গেই তার মিল পাওয়া গেছে।

এদিকে, বিচারপতি তীর্থঙ্কর ঘোষ, এই মামলায় কতজনের বয়ান নেওয়া হয়েছে, ময়নাতদন্ত ও ইনকোয়েস্ট রিপোর্টে কি উল্লেখ করা হয়েছিল, CBI-এর কাছে তা' জানতে চেয়েছেন। পরবর্তী শুনানির দিন, যাদের বয়ান নথিবদ্ধ করা হয়েছে, তাঁদের নামের তালিকা এবং কখন বয়ান নেওয়া হয়েছিল, আদালতে তা জমা দিতে নির্দেশ দিয়েছেন বিচারপতি ঘোষ। CBI-এর কেন এই তদন্তে এতো সময় লাগছে, সে ব্যাপারেও আগামী শুনানিতে রিপোর্ট দিয়ে জানাতে বলা হয়েছে। একইসঙ্গে এই খুন ও ধর্ষণের ঘটনায় কলকাতা পুলিশ কতদূর পর্যন্ত তদন্ত করেছিল সেই কেস ডাইরি'ও সিবিআইকে আদালতে জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন বিচারপতি ঘোষ।

আদালতের বাইরে নির্যাতিতার আইনজীবি শামিম আহমেদ বলেন, এই মামলায় যে আরো বিস্তারিত তদন্তের প্রয়োজন, আদালত আজ তা' জানিয়েছে।

( বাইট- শামিম )

পরে নির্যাতিতার মাও সাংবাদিকদের বলেন, CBI দ্রুত তদন্ত শেষ করুক, তাঁরা সেটাই চান।

( বাইট- মা )

**************************

লন্ডনের কেলগ কলেজে গতকাল বক্তৃতা দেওয়ার সময় তিলোত্তমার ন্যায় বিচারের দাবিতে মুখ্যমন্ত্রীর সামনে বিক্ষোভ দেখানো ও গো ব্যাক স্লোগান দেওয়াকে তিলোত্তমার মা স্বাগত জানিয়েছেন ও বিক্ষোভকারীদের প্রতি কৃতজ্ঞতা ব্যক্ত করেছেন।

তৃণমূল কংগ্রেস , অক্সফোর্ডের কেলগ কলেজে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির ভাষণে বাধা সৃষ্টির জন্য বিরোধী সিপিআইএমের ছাত্র সংগঠনকে দায়ী করেছে। ঐ বিক্ষোভ প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস বলেন, রাজনীতিতে প্রাসঙ্গিক হয়ে উঠতে এই কৌশল নেয়া হয়েছে। তবে বক্তৃতায় বাধা দিলেই কেউ শূন্য থেকে এক হয়ে যায় না। তিনি আরও বলেন দেশের বাইরে মুখ্যমন্ত্রী কোনও দল নয়, দেশের প্রতিনিধিত্ব করছেন। তাই গতকালের ঘটনায় আদতে দেশ ও রাজ্যকে ছোট করা হয়েছে বলে অরূপ বাবু মনে করেন।

এদিকে কেলগ কলেজে বক্তৃতা দেওয়ার সময় তৃনমূল কংগ্রেস প্রধান মমতা ব্যানার্জিকে বিক্ষোভ দেখানোর প্রতিবাদে দলের মহিলা কংগ্রেস আজ কলকাতা সহ বিভিন্ন জেলায় মিছিল বার করে।

*************************

বর্ধমানের একটি আদালত, পঞ্চায়েত সদস্যের বাবাকে খুনের চেষ্টার অভিযোগে বর্ধমান উন্নয়ন পর্ষদের চেয়ারপার্সন কাকলি তা' গুপ্ত সহ ১৩ জনের আজ সাজা ঘোষণা করেছে। কাকলি দেবীকে তিন বছর এবং বাকিদের ১০ বছরের কারাদন্ড এবং সেই সঙ্গে প্রত্যেককে পাঁচ হাজার টাকার জরিমানা ও অনাদায়ে আরো এক বছরের কারাদন্ডের নির্দেশ দেওয়া হয়েছে। বর্ধমানের দ্বিতীয় ফাস্ট ট্র্যাক আদালতের বিচারক অরবিন্দ মিশ্র আজ এই সাজা ঘোষনা করে জানিয়েছেন, কাকলি তা' গুপ্ত ক্যান্সার আক্রান্ত হওয়ায় তাঁর সাজার মেয়াদ কম হয়েছে। বাকি ১২ জন সাজাপ্রাপ্তর মধ্যে রয়েছে বর্ধমান এক পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ, তৃণমূল কংগ্রেসে ব্লক যুব সভাপতি মানস ভট্টাচার্য, রায়ান ১ গ্রাম পঞ্চায়েতের প্রধান কার্তিক বাগ ও ওই অঞ্চলের তৃণমূল কংগ্রেসের সভাপতি সেখ জামাল।

উল্লেখ্য, ২০১৭ সালের ৫'ই সেপ্টেম্বর, রায়ান পঞ্চায়েতের তৎকালীন সদস্য জীবন পালের বাবা দেবু পাল বাড়ির কাছে বসে ছিলেন। সে সময় কয়েকজন রড, টাঙ্গী,

তলোয়ার নিয়ে তাঁর উপর হামলা চালায়। তাঁর চোখে ছুড়ির আঘাত'ও করা হয়। গুরুতর আহত অবস্থায় তাঁকে প্রথমে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতাল ও পরে কলকাতার SSKM হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনার দিনই আহতের স্ত্রী থানায় অভিযোগ দায়ের করেন। তার ভিত্তিতেই এই ১৩ জনকে দোষী সাব্যস্ত করে সাজা ঘোষণা করা হল।

**************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ৩০শে মার্চ তাঁর প্রতি মাসের বেতার অনুষ্ঠান মন কি বাতের ১২০-তম পর্বে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এই অনুষ্ঠানের বিষয়ে জনসাধারণ আগামীকালের মধ্যে নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০তে ডায়াল করে তাঁদের মতামত জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাই গভ ওপেন ফোরামেও এই মতামত জানানো যাবে।

এই অনুষ্ঠান আকাশবাণীর সব কটি প্রচার তরঙ্গ, দূরদর্শনের সব চ্যানেল , AIR News website, NewsOnAir mobile app-এ সম্প্রচারিত হবে। আকাশবাণী সংবাদ, দূরদর্শন সংবাদ প্রধানমন্ত্রীর দপ্তর এবং তথ্য সম্প্রচার মন্ত্রকের YouTube channel-এও মন কি বাতের লাইভ স্ট্রিমিং হবে। মূল অনুষ্ঠানটির ঠিক পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা সম্প্রচারিত হবে।

**************************

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য ভাস্কর গুপ্তকে তাঁর দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। রাজ্যপাল তথা বিশ্ববিদ্যালয়ের আচার্যের দফতর থেকে পাঠানো এক চিঠিতে তাঁকে অবিলম্বে পদ থেকে সরিয়ে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।
জানা গেছে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হিসেবে ভাস্কর গুপ্তের চাকরি জীবনের মেয়াদ শেষ হওয়ার কথা ৩১ মার্চ। তার তিনদিন আগেই রাজ্যপাল তাঁকে অব্যাহতি দিলেন।

এদিকে, শিক্ষা ব্যবস্থা নিয়ে রাজ্যপাল তথা আচার্য শিশুদের মত আচরণ করছেন বলে রাজ্য সরকার জানিয়েছে। মেয়াদ শেষ হওয়ার আগেই যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

ভাস্কর গুপ্তকে সরিয়ে দেওয়ার ঘটনায় শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু আজ কলকাতায় আজ এব্যাপারে প্রতিক্রিয়া ব্যক্ত করেন।

অন্যদিকে, ALL BENGAL UNIVERSITY TEACHERS' ASSOCIATION (ABUTA), যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তীকালীন উপাচার্য অধ্যাপক ভাস্কর গুপ্তকে আচমকা অপসারণের সিদ্ধান্তের তীব্র নিন্দা করেছে।

**************************

কেন্দ্রীয় সরকারি কর্মচারী ও পেনশনভোগীদের জন্য সরকার আরো দু-শতাংশ মহার্ঘ্যভাতা দেওয়ার কথা ঘোষণা করেছে। নতুন দিল্লিতে আজ মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত অনুমোদিত হয়। বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো সাংবাদিকদের বলেন, এবছর পয়লা জানুয়ারী থেকে বর্ধিত মহার্ঘ্যভাতা কার্যকর হবে। এর ফলে উপকৃত হবেন ৪৮ লক্ষ ৬৬ হাজার কেন্দ্রীয় সরকারি কর্মী এবং ৬৬ লক্ষ ৫৫ হাজারের'ও বেশী পেনশনভোগী।

উল্লেখ্য, বর্তমানে মহার্ঘ্যভাতার হার ৫৩ শতাংশ। বৃদ্ধির পর তা' বেড়ে হবে ৫৫ শতাংশ।

**************************

বিশিষ্ট সাংবাদিক গৌতম ভট্টাচার্য এবং সাহিত্যিক উল্লাস মল্লিক, এবছরের শৈলজানন্দের নামাঙ্কিত স্মৃতি পুরস্কার পেয়েছেন।

সাহিত্যের সঙ্গে সাংবাদিকতার যোগ ক্রমশ শিথিল হয়ে উঠছে। কথা সাহিত্যিক শৈলজানন্দের নামাঙ্কিত স্মৃতি পুরস্কার গ্রহণ করে বিশিষ্ট সাংবাদিক গৌতম ভট্টাচার্য আজ কলকাতায় একথা বলেন। তিনি জানান, বর্তমানে দ্রুতগতির সময়ে একইসঙ্গে ভিন্ন ধারার কাজের সঙ্গে যুক্ত থাকতে হয় সাংবাদিকদের। সেক্ষেত্রে পাঠক মনে চিরকালীন জায়গা পেতে আলাদা ভাবে সাহিত্য সাধনায় মনোযোগী হতে হবে।

উল্লাস মল্লিক একই সম্মাননা গ্রহণ করে বলেন, কোন সৃষ্টিশীল কাজ, তা পরীক্ষামূলক হলো কি হলো না সেই বিচার করেন আগামী দিনের পাঠকসমাজ।আজ সন্ধ্যায় শৈলজানন্দ স্মৃতি রক্ষা সমিতির আয়োজনে পশ্চিমবঙ্গ বাংলা একাডেমিতে এই পুরস্কার

প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন রাজ্যপাল শ্যামল সেন, মেয়র পারিষদ দেবাশীষ কুমার প্রমূখ। স্মারক বক্তৃতা দেন প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডক্টর শান্তি সরেন।

**********************************************************************